**তারিখ :** 13/06/2017

**‘পর্যবেক্ষণ সংক্রান্ত সহযোগিতা এবং পর্যবেক্ষণ তথ্য” আদান প্রদান –এর জন্য আর বি আই চেক ন্যাশনাল ব্যাংক, চেক প্রজাতন্ত্র –এর সঙ্গে সহযোগিতা পত্রে সই করল**

[আলোকচিত্র]

ভারতীয় রিজার্ভ ব্যাংক আজ ‘পর্যবেক্ষণ সংক্রান্ত সহযোগিতা এবং পর্যবেক্ষণ তথ্য” আদান প্রদান –এর জন্য চেক ন্যাশনাল ব্যাংক, চেক প্রজাতন্ত্র –এর সঙ্গে সহযোগিতা পত্রে (এল ও সি) সই করল৷

ভারতীয় রিজার্ভ ব্যাংকের কেন্দ্রীয় কার্যালয় মুম্বাইতে এই এল ও সি –তে চেক ন্যাশনাল ব্যাংক-এর পক্ষে তাদের ভাইস গভর্ণর মি. ভ্লাডিমির তমসিক এবং ভারতীয় রিজার্ভ ব্যাংকের পক্ষে ডেপুটী গভর্ণর মি. এস.এস. মুন্দ্রা সই করেন। ভারতে চেক রিপাবলিকের রাষ্ট্রদূত মহামান্য মি.মিলান হোবার্কা উপস্থিত থেকে এই অনুষ্ঠানটির শোভা বর্দ্ধন করেন।

অধিকতর সমঝোতা স্থাপন এবং পর্যবেক্ষণ তথ্য আদানপ্রদান করার জন্য রিজার্ভ ব্যাংক অনেকগুলি দেশের পর্যবেক্ষকদের সঙ্গে সমঝোতা পত্র, সহযোগিতা পত্র এবং সহযোগিতা বিবরণী প্রতিষ্ঠা করেছে৷ উল্লেখিত সমঝোতা পত্রটি নিয়ে আর বি আই 40 টি সমঝোতা পত্র দুটি সহযোগিতা পত্র এবং একটি সহযোগিতা বিবরণীতে সই করল৷

**অজিত প্রসাদ**
সহায়ক উপদেষ্টা

**প্রেস প্রকাশনি : 2016-2017/3362**